

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বরঃ ৮০.০০.০০০০.১১১.১১.০১১.২০২১- ৬৬

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ ১৪২৯
২৭ মে ২০২২

বিষয়: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন ডাক অধিদপ্তরের সিনিয়র মেকানিক (১০ম গ্রেড) এর শূন্য পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ।

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন ডাক অধিদপ্তরের সিনিয়র মেকানিক (১০ম গ্রেড) এর শূন্য পদে নিয়োগের [নিয়োগ বিজ্ঞপ্তি নং-৫২, তারিখ: ০৯.০৫.২০২১] লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ ও সময়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

ক্রঃ নম্বর	পদের নাম, পদের নাম ও গ্রেড	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ও প্রার্থী সংখ্যা
১	২	৩	৪
১.	ডাক অধিদপ্তরের সিনিয়র মেকানিক (১০ম গ্রেড)	তারিখঃ ৮ জুন ২০২২ (বুধবার) সকাল ১০:০০ টা	000003 000006 000008 000012 000017 000018 000031 000032 000033 000041 000049 000051 000055 000064 000067 000072 000074 000075 000077 000081 000082 000085 000087 000089 000100 000108 000114 000120 000121 000124 000133 000135 000138 000141 000142 000146 000147 000151 000153 000156 000158 000160 000163 000166 000167 000179 000181 000188 000191 000196 000199 000200 200008 200031 300055 400092 500003 500096 700018 700030 700054 = ৬১ জন।

২. নিম্নলিখিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের প্রার্থিতা ৪ নম্বর কলামে উল্লিখিত কারণে কর্ম কমিশন কর্তৃক বাতিল করে মৌখিক পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হয়েছেঃ


ক্রঃ নম্বর	পদের নাম	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থিতা বাতিলের কারণ
১	২	৩	৪
১.	ডাক অধিদপ্তরের সিনিয়র মেকানিক (১০ম গ্রেড)	000023 000026 000034 000043 000052 000060 000070 000091 000092 000093 000095 000125 000143 000187 000195 300067 500062 = ১৭ জন	BPSC Form-5A [Applicant's Copy] জমা না দেওয়ায় ০৯.৫.২০২১ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তির নির্দেশাবলির ১০ নম্বর ক্রমিকের শর্তানুযায়ী প্রার্থিতা বাতিল করা হয়েছে।

ক্রমশঃ

৮

বিশেষ নির্দেশাবলীঃ-

১. স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোনো প্রার্থীকে মাস্ক ব্যতীত মৌখিক পরীক্ষার বোর্ডে প্রবেশ করতে দেয়া হবে না।
২. মৌখিক পরীক্ষার জন্য নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে প্রার্থী তাঁর প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।
৩. সাময়িকভাবে যোগ্য প্রার্থীকে BPS Form-5A [Applicant's Copy] কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিয়ে উল্লিখিত কাগজপত্রাদির মূলকপি ১ (এক) সেট এবং ১ (এক) সেট সত্যায়িত কপিসহ মোট ২ সেট সংযুক্ত করে মৌখিক পরীক্ষার দিন মৌখিক পরীক্ষার অন্তত: আধা ঘণ্টা [৩০ মিনিট] পূর্বে কমিশনের সংশ্লিষ্ট বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। জমাদানে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
 - ক. শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সংশ্লিষ্ট সকল সনদের মূল ও সত্যায়িত কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) ;
 - খ. 'ও' লেভেল এবং 'এ' লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ;
 - গ. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি করপোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) ;
 - ঘ. অনধিক ৩ মাস পূর্বে তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি ;
 - ঙ. জাতীয় পরিচয়পত্রের (NID) মূল কপি ও সত্যায়িত কপি। জাতীয় পরিচয়পত্র হারিয়ে গেলে তা পুনঃপ্রাপ্তির যথাযথ পদ্ধতি অনুসরণ করে প্রয়োজনীয় ডকুমেন্টস ও কাগজপত্রসহ কমিশনকে লিখিতভাবে জানাতে হবে ;
 - চ. নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি ;
 - ছ. Applicant's Copy ;
 - জ. অনলাইনে প্রাপ্ত প্রবেশপত্রের কপি ;
 - ঝ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূল ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) ;
 - ঞ. সরকারি/আধাসরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের মূল ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) ।
৪. উল্লিখিত প্রতিটি ডকুমেন্টসের উপর প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে।
৫. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর [substantive] কোনো ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
৬. মৌখিক পরীক্ষার তারিখ কোনোক্রমেই পরিবর্তন করা যাবে না।


[আবদুল্লাহ আল মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)